



## আ.লীগের এবারের নির্বাচনে অংশগ্রহণের সুযোগ নেই: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস বৃহস্পতিবার রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ব্রিটিশ আন্তর্জাতিক উন্নয়ন মন্ত্রী ব্যারোনাস জেনি চ্যাপম্যানের সঙ্গে বৈঠকে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন। তিনি নির্বাচনের মাধ্যমে দেশকে “অবাধ, সুষ্ঠু এবং অংশগ্রহণমূলক” একটি ভোট প্রক্রিয়ার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

বৈঠকে দুইপক্ষের আলোচনার কেন্দ্রবিন্দু ছিল ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচন, রোহিঙ্গা সংকট সমাধান, অবৈধ অভিবাসন নিয়ন্ত্রণ, দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণ, এবং বিমান ও সামুদ্রিক খাতের সহযোগিতা বৃদ্ধি।

অধ্যাপক ইউনুস বলেন, নির্বাচন নির্ধারিত সময় অনুযায়ী ফেব্রুয়ারির প্রথমার্ধেই অনুষ্ঠিত হবে। তিনি উল্লেখ করেন, ভোটপ্রক্রিয়ায় ব্যাপক অংশগ্রহণ হবে এবং বিশেষ করে লাখো তরুণ প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগ করবে। তিনি আরও যোগ করেন, গত কয়েক নির্বাচনে রাজনৈতিক সংস্কারের অভাবে তাদের এই সুযোগ হয়নি।

প্রধান উপদেষ্টা নিশ্চিত করেছেন, আওয়ামী লীগের কার্যক্রম সম্ভ্রাসবিরোধী আইনের আওতায় স্থগিত থাকায় তারা এবারের নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না। পাশাপাশি, নির্বাচন কমিশন দলটিকে নিবন্ধিত রাজনৈতিক দলগুলোর তালিকা থেকেও বাদ দিয়েছে।

বৈঠকে ঢাকা ও লন্ডনের মধ্যে বাণিজ্যিক ও অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণের দিকেও গুরুত্বারোপ করা হয়। অধ্যাপক ইউনুস জানান, বঙ্গোপসাগরে সামুদ্রিক গবেষণার জন্য বাংলাদেশ যুক্তরাজ্যের একটি গবেষণা জাহাজ ক্রয় করছে।

মন্ত্রী চ্যাপম্যান দুই দেশের মধ্যে বিমান চলাচল খাতের সম্পর্ক আরও দৃঢ় করার আহ্বান জানান এবং জানান, এয়ারবাস ইন্টারন্যাশনালের প্রধান শিগগিরই বাংলাদেশ সফর করবেন।

বৈঠকে উপস্থিত ছিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান, এসডিজি সমন্বয়কারী লামিয়া মরশেদ এবং বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারা কুক।